অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে আইডার কারণে হওয়া বন্যার জন্য একটি প্রধান বিপর্যয় হিসেবে ঘোষণার করার জন্য ফেডারেল অনুমোদন পাওয়া গেছে

ঘোষণাটি স্থানীয় সরকার এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ প্রদান করে যারা বন্যার দ্বারা প্রভাবিত হয়েছেন এবং ঘূর্ণিঝড় ইডার কারণে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনরুদ্ধারের জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করে

যে নিউ ইয়র্কবাসীরা বাস্তুচ্যুত হয়েছেন, যাদের মধ্যে আছে বিমাহীন পরিবারসমূহ, তারা আবাসন সহায়তার জন্য অর্থ পাওয়ার যোগ্য, তার সাথে সংকটকালীন পরামর্শ, বেকারত্বের সহায়তা, বাড়ির মেরামত এবং আইনি পরিষেবা পাওয়ারও যোগ্য

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে প্রেসিডেন্ট বাইডেন একটি ত্বরান্বিত প্রধান দুর্যোগের ঘোষণা অনুমোদন করেছেন যা স্থানীয় সরকার এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ প্রদান করতে সহায়তা করবে এবং হারিকেন ইডার অবশিষ্টাংশের কারণে সৃষ্ট বন্যার ফলে হওয়া ক্ষতি থেকে পুনরুদ্ধার করছে এমন যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করবে।

স্বতন্ত্র সহায়তার জন্য ঘোষণার আওতায় থাকা কাউন্টিগুলির মধ্যে রয়েছে: ব্রঙ্কস, কুইন্স, কিংস, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার। এই সময়ে, নিউ ইয়র্ক কাউন্টি কেবল সরকারি সহায়তার জন্য অন্তর্ভুক্ত হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় অতিরিক্ত ত্রাণ পান তা নিশ্চিত করতে গভর্নর ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এবং ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাবেন।

যে নিউ ইয়র্কবাসীরা বাস্তুচ্যুত হয়েছেন, যাদের মধ্যে আছে বিমাহীন পরিবারগুলি, তারা আবাসন সহায়তার জন্য তহবিলের জন্য যোগ্য হবেন, এবং তার সাথে সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা, বাড়ির মেরামত এবং আইনি পরিষেবা জন্যও যোগ্য হবেন।

"আমি নিউ ইয়র্কবাসীদের ধ্বংসযজ্ঞ দেখেছি যারা এই ঝড়ের কারণে অনেক কিছু হারিয়েছেন, এবং আমি প্রতিশ্রুতি দিয়েছি যে তাদের পুনর্নির্মাণে সাহায্য করার জন্য আমরা আমাদের ক্ষমতায় যা কিছু আছে তা সব করব," **গভর্নর হোচুল বলেন।** "আমি প্রেসিডেন্ট বাইডেন এবং FEMA-র প্রশাসক ডিন ক্রিসওয়েলকে তাদের একটি বড় দুর্যোগ ঘোষণার দ্রুত অনুমোদনের জন্য ধন্যবাদ জানাই, যা একটি প্রতিশ্রুতি দেয় যে আমরা আরও ভালোভাবে এবং

শক্তিশালীভাবে আবার গড়ে তুলব। সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, সিনেটর গিলিব্রান্ড এবং পুরো নিউ ইয়র্ক কংগ্রেসের প্রতিনিধি দল আমাদের রাজ্যের জন্য গুরুত্বপূর্ণ সাহায্য ও সমর্থন প্রদান করেছে এবং আমি তাদের অক্লান্ত প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই। আমি আগামীকাল প্রেসিডেন্ট বাইডেনের সাথে দুর্যোগ এলাকা পরিদর্শনের অপেক্ষায় আছি এবং নিউ ইয়র্কবাসীদের এই ভয়াবহ ঝড়ের ধ্বংসাত্মক প্রভাব থেকে তাদের প্রয়োজনীয় ত্রাণ পাওয়া নিশ্চিত করতে FEMA এবং আমাদের কংগ্রেসের সদস্যদের সাথে কাজ করা চালিয়ে যাব।"

একটি প্রধান দুর্যোগের ঘোষণা ফেডারেল সরকারের কাছ থেকে আর্থিক সহায়তার সূচনা করে, যা স্থানীয় জনগোষ্ঠী এবং স্বতন্ত্র নিউ ইয়র্কবাসীদের তাদের পুনরুদ্ধার চালিয়ে যাওয়া অব্যাহত রাখতে দেয়। সহায়তার মধ্যে আছে জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা, ধ্বংসাবশেষ অপসারণ এবং সরকারি ভবন এবং পরিকাঠামোর মেরামত, এবং তার সাথে ব্যক্তি ও গৃহের মালিকদের জন্য সরাসরি সহায়তা। নিউ ইয়র্কবাসীরা অন্যান্য বীমাহীন বা স্বল্প বীমাকৃত দুর্যোগ-সৃষ্ট খরচ এবং গুরুতর প্রয়োজনের জন্য অর্থ পেতে সক্ষম হতে পারেন, যেমন ব্যক্তিগত সম্পত্তির মেরামত বা প্রতিস্থাপন বা স্থানান্তর এবং সঞ্চয়ের জন্য অর্থ, অথবা চিকিৎসা, দাঁতের এবং শিশুর পরিচর্যার জন্য অর্থ। গৃহের মালিক এবং ভাড়াটেদের উচিত তাদের ক্ষতিগুলি নথিভুক্ত করার জন্য যথাসাধ্য চেষ্টা করা।

তহবিল প্রাপ্তির জন্য যোগ্য গৃহের মালিকরা সরাসরি FEMA-র সাথে কাজ করবেন। সহায়তার মধ্যে অস্থায়ী আবাসন ইউনিট, আবাসন এবং ড্রাইভওয়ে মেরামত, সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা এবং আইনি পরিষেবাগুলির জন্য তহবিল অন্তর্ভুক্ত থাকতে পারে।

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের নিউ ইয়র্ক স্টেট ডিভিশন (New York State Division of Homeland Security and Emergency Services) ফেডারেল দুর্যোগের সাহায্যের জন্য আবেদন করার জন্য ক্ষতির মূল্যায়ন করতে বিশেষজ্ঞ মোতায়েন করেন। প্রাথমিক ক্ষতির মূল্যায়ন চূড়ান্ত হওয়ার পর ফেডারেল পক্ষ থেকে দ্রুত পর্যালোচনার জন্য রাজ্য এই প্রক্রিয়া জুড়ে FEMA এবং স্থানীয় অংশীদারদের সাথে ক্রমাগত যোগাযোগ রাখে।

এই প্রচেষ্টার ফলস্বরূপ, মূল্যায়নের প্রথম সূচনার দিনগুলিতে, রাজ্য এবং ফেডারেল বিশেষজ্ঞরা অনুমান করেছেন যে এই ঝড় 50 মিলিয়ন ডলারেরও বেশি সরকারি পরিকাঠামো এবং সম্পত্তির ক্ষতি করেছে, এবং 1,200-রও বেশি বাসস্থান ক্ষতিগ্রস্ত হয়েছে।
সরকারি পরিকাঠামো পুনরুদ্ধারে সহায়তা করার জন্য অর্থায়ন আসবে FEMA-র জন-সহায়তা কর্মসূচির মাধ্যমে, যা প্রেসিডেন্ট কর্তৃক দুর্যোগের ঘোষণার পর স্থানীয় সরকারগুলিকে ধ্বংসাবশেষ অপসারণ, জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা, সরকারি মালিকানাধীন পরিকাঠামো যার মধ্যে অন্তর্ভূক্ত রাস্তাঘাট, স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, থানা, ফায়ার হাউজ, পানি এবং বর্জ্য পানির ট্রিটমেন্ট ফেসিলিটি এবং অন্যান্য সরকারি ফেসিলিটি যা ক্ষতিগ্রস্ত হয়েছিল, তা মেরামত ও পুনর্নির্মাণের জন্য অর্থ পরিশোধ করে।

গতকাল গভর্নর হোচুল নতুন অনলাইন সংস্থান হাব শুরু করার ঘোষণা করেছেন প্রভাবিত নিউ ইয়র্কবাসীদের জন্য, যা উপলব্ধ ny.gov/ida-তে। হাবটি উপলব্ধ সহায়তা কর্মসূচি সম্পর্কে এবং কোথায় আশ্রয় এবং খাবারের অ্যাক্সেসের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যায় সে সম্পর্কে তথ্য সরবরাহ করে। সাইটের তথ্য আপডেট করা হবে যেমন নিউ ইয়র্কবাসীদের জন্য আরও

সংস্থান উপলব্ধ হবে। উপরন্তু, রাজ্য নিউ ইয়র্ক সিটির সাথে ইডা রিকভারি সার্ভিস সেন্টারগুলিকে (Ida Recovery Service Centers) সহায়তা প্রদান করার জন্য সহযোগিতা করছে। এই কেন্দ্রগুলি নির্বাচিত কর্মকর্তাদের সমর্থন নিচ্ছে যারা প্রভাবিত সম্প্রদায়গুলির প্রতিনিধিত্ব করেন এবং সমস্ত উপলব্ধ সংস্থান এবং সহায়তার তথ্য প্রদান করবেন।

গভর্নর হোচুল আরও নির্দেশ দিয়েছিলেন যে FEMA থেকে পূর্বে বরাদ্দ করা বিপদ প্রশমন তহবিল বাবদ 378 মিলিয়ন মার্কিন ডলার চরম আবহাওয়ার বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেটের পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য নিবেদিত করা হবে।

গভর্নর প্রভাবিত কাউন্টিগুলিতে স্থানীয় কর্মকর্তাদের উৎসাহিত করছেন তাদের কাউন্টি এমার্জেন্সি ম্যানেজারের সাথে কাজ করার জন্য কোন সংস্থানের চাহিদা সরাসরি NY রেসপন্ডসে জমা দিতে, যা হল রাজ্যের ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার এবং রাজ্য সংস্থা, উভয়কেই গুরুত্বপূর্ণ জরুরি-কালীন তথ্য এবং সংস্থানের অনুরোধ জমা দিতে এবং শেয়ার করতে সক্ষম করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন